The Bangladesh Monitor - A Premier Travel Publication

প্লেনের টিকিট কিনলেই সৌদি ভিসা ফ্রি

- A Monitor Desk Report Date: 01 February, 2023

প্রথমবারের মত টিকিটের সাথে ৪ দিনের ফ্রি ট্রানজিট ভিসা সেবা চালু করেছে সৌদি আরব। ভিসাটি বিনামূল্যে এবং ফ্লাইটের টিকিটের সঙ্গে তাৎক্ষণিকভাবে ইস্যু করা হবে।

সৌদি আরবের জাতীয় উড়োজাহাজ সংস্থা সাউদিয়া এয়ারলাইন্সের সহযোগিতায় টিকিটের সঙ্গে এই ফ্রি ট্রানজিট ভিসা চালু করেছে দেশটির সরকার। সোমবার (৩০ জানুয়ারি) থেকে এ সেবা চালু করা হয়।

দেশটির পররাষ্ট্র মন্ত্রণালয় জানায়, এ ভিসার মেয়াদ ৩ মাস পর্যন্ত থাকবে এবং ট্রানজিট ভিসাধারীরা ৪ দিন সৌদিতে ভ্রমণের জন্য থাকতে পারবেন। নতুন এ ট্রানজিট ভিসায় মক্কায় পবিত্র ওমরাহ পালনের সুযোগও থাকছে। এছাড়াও, মদিনায় নবীর মসজিদ পরিদর্শন ও দেশটির অভ্যন্তরে ভ্রমণের পাশাপাশি যে কোনো পর্যটন ইভেন্টে যোগদান করা যাবে।

সৌদি পররাষ্ট্র মন্ত্রণালয় আরও জানায়, সাউদিয়া এয়ারলাইন্স এবং ফ্লাইনাসের ইলেকট্রনিক প্ল্যাটফর্মের মাধ্যমে ট্রানজিট ভিসার জন্য আবেদন জমা দেয়া যাবে। এটি স্বয়ংক্রিয়ভাবে পররাষ্ট্র মন্ত্রণালয়ের ইউনিফাইড ন্যাশনাল ভিসা প্ল্যাটফর্মে অনুমোদিত হবে। পরে ডিজিটাল ভিসা প্রক্রিয়াকরণ এবং দ্রুত সময়ের মধ্যে ভিসা ইস্যু হয়ে ই-মেইলের মাধ্যমে আবেদনকারীর কাছে পাঠানো হবে।

সৌদি আরবের ভিশন-২০৩০ বাস্তবায়নে ভ্রমণকারীদের জন্য নতুন এ ভিসা সুবিধা বলে জানা গেছে। যদিও এ ধরনের ট্রানজিট ভিসা সেবা মধ্যপ্রাচ্যের অন্য দেশগুলোতে আরো আগে থেকেই চালু রয়েছে।

-B